

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ  
মৎস্যসম্পদ সংরক্ষণ শাখা  
মৎস্য ভবন, রমনা ঢাকা  
www.fisheries.gov.bd

তারিখ: ১৮/০২/২০২৫ খ্রি.

স্মারক নং- ৩৩.০২.০০০০.১২১.১১.০০২.২০-৬৭

বিষয়: প্রকৃত মৎস্যজীবীদের নিকট জলমহালের ইজারা প্রদান নিশ্চিতকরণ।

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য-৫ শাখার স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৩০.৯৯.০১২.২৪.৬৬; তারিখ: ১৩/০২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব ফরিদা আখতার ঐর সভাপতিত্বে বিগত ০২.০২.২০২৫ তারিখে সরকারি জলমহালে মৎস্যসম্পদ বৃদ্ধি ও আহরণে করণীয় শীর্ষক একটি অংশীজন সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১নং আলোচ্য বিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. জলমহালের ইজারা যাতে প্রকৃত মৎস্যজীবী পান তা নিশ্চিত করতে হবে;
২. ইজারা গ্রহণের পর অর্থের বিনিময়ে যাতে অমৎস্যজীবীদের নিকট সাব-লিজ প্রদান করা না হয় রসে বিষয়টি নিয়মিত মনিটর করতে হবে;
৩. জলমহাল ইজারা গ্রহীতা মৎস্যজীবীদের কোন সদস্য পেশা পরিবর্তন করেছেন কিনা তা নিয়মিত মনিটর করতে হবে;
৪. বিদ্যমান মৎস্যজীবীদের তালিকা নিয়মিত হালনাগাদ করতে হবে।

এমতাবস্থায়, সভায় উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৫ (পাঁচ) কাযদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।



(বরুন চন্দ্র বিশ্বাস)

উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ)

ফোন: ০১৭১৫৫৭৬৮৯১

ইমেইল: borunbiswas19@gmail.com

জেলা মৎস্য কর্মকর্তা (সকল)

সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা(সকল)

স্মারক নং- ৩৩.০২.০০০০.১২১.১১.০০২.২০-৬৭/১(৬)

তারিখ: ১৮/০২/২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
৩. উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৪. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর.....।
৫. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. অফিস কপি।



(ইসফাত আরা মিশু)

সহকারী পরিচালক

ফোন: ০২-২২৩৩৮০৬৫৩

ই-মেইল: jalmahaldof@gmail.com